



EN/03/Aug-Sep/2024

## BELIEVERS EASTERN CHURCH WORLD HEADQUARTERS

Office of the Metropolitan, St. Thomas Community, Kuttapuzha, P. O. Thiruvalla - 689103 Kerala, India.

### পালকীয় পত্র

August/September 2024

আমাদের মন্ডলীর সকল আর্চবিশপ, বিশপ, যাজক এবং ডেকন ফাদারদের ইভাঞ্জেলিস্ট, সিস্টারস অর্ডার অফ ক্রুশ এবং বিশ্বব্যাপী বিলিভার্স ইস্টার্ন চার্চের সকল বিশ্বস্ত ভাই ও বোনদেরকে পিতা, পুত্র এবং পবিত্র আত্মার নামে আশীর্বাদ এবং শুভেচ্ছা জানাই। আমেন ✠

খ্রীষ্টতে আমার প্রিয়জনেরা,

বিলিভার্স ইস্টার্ন চার্চের মেট্রোপলিটান পিতা হয়ে সিংহাসনে অধিষ্ঠিত হওয়ার পর, তোমাদের কাছে এটি আমার পালকীয় পত্রের প্রথম পত্র।

আমি তোমাদের ভালবাসার জন্য এবং আমার নিমিত্ত প্রার্থনা করার জন্য কতটা কৃতজ্ঞ সেটি বলে শুরু করতে চাই। আমি আমাদের স্বর্গীয় পিতার কাছে ও অতীব কৃতজ্ঞ, কারণ তিনি খুবই আমাদের কাছে বিশ্বস্ত, এবং তাঁহার প্রেম আমাদেরকে বিশেষ করে সাম্প্রতিক অতীতে ঘটে যাওয়া সকল পরিস্থিতিতে পরিচালিত করেছে,।

এই পত্রে, আমি কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই।

### প্রথমত: 2024 সালের অক্টোবর মাসের যুব সমাবেশ

যুবকেরা আমাদের মন্ডলীর ভবিষ্যৎ। যদি তারা আধ্যাত্মিকভাবে শক্তিশালী, প্রাণবন্ত, এবং তাদের স্থানীয় প্যারিশ এবং সমাজে সক্রিয় হয়, তাহলে আমাদের মন্ডলীর ভবিষ্যৎ নিরাপদ হাতে রয়েছে। সেই উদ্দেশ্যকে মাথায় রেখে, আমরা 2024 সালের অক্টোবরে যুব সমাবেশের জন্য প্রার্থনা, প্রস্তুতি এবং পরিকল্পনা করছি, যেখানে বিভিন্ন ডায়োসিসের প্রতিনিধিত্বকারী

তরুণদের একটি নির্বাচিত দল একত্রিত হতে আসবোদয়াকরে করে এই যুব সম্মেলনের জন্য আন্তরিকভাবে প্রার্থনা কর।

এই যুব সম্মেলন শেষ না হওয়া পর্যন্ত তোমাদের প্যারিশের প্রার্থনা সভায়, এমনকি আমাদের পরিবারের ছোট প্রার্থনা সভায় ও প্রার্থনা করার জন্য পরিকল্পনা কর। অংশগ্রহণকারীদের নিরাপদ ভ্রমণ এবং অগ্রগতির সমস্ত প্রস্তুতির জন্য প্রার্থনা কর এবং আমাদের যুবকরা যেন এই সভায় এসে একটি পবিত্র জীবন যাপনের জন্য অনুপ্রাণিত হতে পারে।

**দ্বিতীয়ত:** পবিত্র মন্ডলীর সেবার্থে প্রশিক্ষিত হওয়ার জন্য তাদের জীবন উৎসর্গ করার জন্য আমাদের প্যারিশ থেকে উৎসর্গীকৃত যুবক ভাই ও বোনদের একটি বিশাল প্রয়োজন রয়েছে। যীশু যেমন বলেছিলেন, মানুষের আধ্যাত্মিক চাহিদাগুলি তাৎপর্যপূর্ণ, তবে সেই চাহিদাগুলি পূরণ করার জন্য কেবলমাত্র কয়েক জন রয়েছে। তাই, আমরা কি করতে পারি? প্রভুর কাছে প্রার্থনা কর, যেন তিনি এমন অনেককে পাঠাবেন যারা সেই ভূমিকা পালন করতে পারবে। (সাধু মথি ৯:৩৬-৩৮) এটি একটি প্রার্থনার অনুরোধ হোক যা আমরা সারা বছর ধরে আমাদের সমস্ত প্রার্থনা সভায় ধারাবাহিকভাবে প্রার্থনা করব - উভয় স্থানে মন্ডলীতে এবং আমাদের পরিবারে। তুমি যদি একজন পিতা বা মাতা হও, তাহলে তোমার সন্তানদেরকে ঈশ্বরের সেবার্থে তাদের জীবনকে উৎসর্গ করার জন্য প্রার্থনা কর। আসুন আমরা প্রথমে উদাহরণ স্বরূপ হই, তখন অন্যরা অনুসরণ করবে।

**তৃতীয়ত:** আমাদের প্রধান সেমিনারি, ডায়োসেসান সেমিনারি এবং soc প্রশিক্ষণ কেন্দ্রের বোনদের জন্য নতুন একাডেমিক সেশন শুরু হয়েছে। প্রশিক্ষণরত প্রিয় ভাই ও বোনদের জন্য প্রার্থনা করুন, যাতে তারা অধ্যয়ন, প্রশিক্ষণ এবং ঈশ্বরের কাজের জন্য নিজেদেরকে সজ্জিত করার জন্য নিজেদের উৎসর্গ করতে পারে।

**চতুর্থত:** আসুন আমরা পবিত্র মন্ডলীর আর্থিক চাহিদা পূরণে বিশ্বস্ত হতে থাকি। সেন্ট পল আমাদেরকে মাকিদনিয়ার মন্ডলীর কথা স্মরণ করিয়ে দেন, যারা অত্যান্ত দারিদ্র্যের মধ্যেও তাদের সামর্থ্যের বাইরে মন্ডলীকে দান দিয়েছিল (২ করিন্থীয় ৮ :১-৫)। আমাদের পবিত্র মন্ডলীও এমন ওইরূপ হয়ে উঠুক- যেটা তার দানের জন্য -উদারভাবে, স্বেচ্ছায়, এবং বিশ্বস্তভাবে দান করার জন্য পরিচিত লাভ করবে, ঠিক সেই দরিদ্র বিধবার মতো যিনি "তার সবকিছুই দিয়েছিলেন" (সাধু মার্ক ১২:৪১-৪৪)। মনে রাখবেন, ঈশ্বর একজন হৃষ্টচিত্ত দাতাকে ভালবাসেন (২কোরিন্থীয় ৯:৬-৭), এবং তিনি প্রতিশ্রুতি দেন যে যখন আমরা প্রভুকে

দেব, তিনি স্বর্গের জানালা খুলে দেবেন এবং আমাদের উপর তাঁহার আশীর্বাদ ঢেলে দেবেন (মালাখি ৩:১০-১১)।

2

প্রিয় সন্তানেরা, শেষ করার আগে, আমি তোমাদের মনে করিয়ে দিতে পারি যে আমাদের দেশ, রাজ্য এবং এলাকার নেতাদের জন্য প্রার্থনা করা একটি মন্ডলীরূপে আমাদের পরম দায়িত্ব (১ম তীমথি ২:১-৪)। আসুন আমরা বিশ্বস্তভাবে এটি করি। হিংস্রতা ও অস্থিতিশীলতার কবলে পড়া বাংলাদেশের জন্যও প্রার্থনা করি- দেশে যেন দ্রুত শান্তি ও স্থিতিশীলতা ফিরে আসে। প্রার্থনা করবেন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত এলাকাগুলোর জন্য যেন সৃষ্টিকর্তা তাঁর লোকেদের প্রতি করুণা ও দয়া বর্ষণ করেন

**পরিশেষে,** প্রিয় ভাই ও বোনেরা, আমাদের প্রভুতে নিদ্রাগত মহামহিম মেট্রোপলিটন, আশীর্বাদপূর্ণ স্মৃতির অ্যাথানাসিয়াস ইয়োহান প্রথম বলতেন, প্রেরিতদের কার্যাবলী পুস্তকটি আমাদের প্রতিচিত্র (নকশা); এটি কম্পাস, আমাদের অর্খোডক্স বিশ্বাসের মৌলিক নির্দেশিকা। এই বইটি বারং বার পড়ুন; আসুন আমরা সেই নীতিগুলিকে ব্যক্তিগতভাবে, সমষ্টিগতভাবে, একটি মন্ডলীরূপে, এবং এইভাবে একসাথে আমাদের মন্ডলীতে প্রয়োগ করি।

যখন আমরা সম্মুখে যাত্রা করি, তখন আসুন আমরা পবিত্র মন্ডলীর প্রভু, যীশু খ্রীষ্টের প্রতি আমাদের দৃষ্টি নিবদ্ধ রাখিয়া, প্রতিদিন তাঁহাকে সন্তুষ্ট করার জন্য শক্তি এবং অনুপ্রেরণায় জীবন যাপন করি। পবিত্র আত্মা আমাদের ভালবাসা এবং সেবা করার মিশন কার্যে আমাদের পথ দেখান এবং আমাদের সমস্ত প্রচেষ্টায় ফলদায়ক, দীর্ঘস্থায়ী ফল, গৌরব, সম্মান, উপাসনা, শ্রদ্ধা এবং পবিত্র ত্রিত্বের প্রতি শ্রদ্ধাজ্ঞাপনে সাহায্য করুক - পিতা, পুত্র, এবং পবিত্র আত্মার নাম এখন এবং সদা সর্বদা অনন্তকাল পর্যন্ত।✠

খ্রীষ্টতে, তোমাদের পিতা

MORAN MOR SAMUEL THEOPHILUS

METROPOLITAN

Headquarter

Date: 12 August 2024

Place: World

